আশ্রয়ণের অধিকার,
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পত্র সংখ্যা ০৩.০২.০০০০.৭০৩.১৪.৫৩৩.২২-৮৬৫

তারিখ ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: আশ্রয়ণ প্রকল্পের পুরাতন জরাজীর্ণ সিআইসিট ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহনির্মাণ সংক্রান্ত নির্দেশাবলি

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দীর্ঘদিনের পুরাতন জরাজীর্ণ ব্যারাক প্রতিস্থাপন করে সেমিপাকা একক গৃহ নির্মাণের নীতিগত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মাঠ পর্যায়ের চাহিদারভিত্তিতে গৃহ বরাদ্দ প্রদান চলমান রয়েছে। পুরাতন জরাজীর্ণ ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহ নির্মাণ করে উপকারভোগী পুনর্বাসনের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ নির্দেশাবলি অনুসরণ করতে হবে:

১) ব্যারাকটি পুরাতন অতি জরাজীর্ণ কিনা সরেজমিনে যাচাই করতে হবে এবং বিষয়টি উপজেলা টাস্কফোর্স কমিটির সভায় অনুমোদিত হতে হবে।

২) পুরাতন জরাজীর্ণ ব্যারাকে বর্তমানে বসবাসকারী পরিবারের তালিকা প্রণয়ন করতে হবে।

৩) প্রস্তাবিত জমিতে কোন দেওয়ানী মামলা চলমান রয়েছে কিনা এবং মামলা চলমান থাকলে সে মামলায় কোন স্থগিতাদেশ কিংবা নিষেধাজ্ঞা কার্যকর রয়েছে কিনা তা নিশ্চিত হয়ে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪) ব্যারাকের স্থলে প্রস্তাবিত একক গৃহের সংখ্যানুযায়ী প্রকল্পস্থানের সুনির্দিষ্ট লে-আউট প্ল্যান করতে হবে।

৫) একক গৃহ নির্মাণের জন্য জরাজীর্ণ ব্যারাক অপসারণ করার ক্ষেত্রে বিদ্যমান ব্যারাককক্ষের বরাদ্দগ্রহীতা তাঁর নিজ উদ্যোগে ব্যারাককক্ষের ব্যবহৃত জরাজীর্ণ নির্মাণসামগ্রী যথা টিন, কাঠ, ইট, রড ইত্যাদি সরিয়ে নিতে পারবেন। তবে, তিনি/তাঁরা সরিয়ে নিতে আগ্রহী না হলে বা প্রকৃত বরাদ্দগ্রহীতাকে পাওয়া না গেলে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি স্থানীয়ভাবে উন্মুক্ত নিলামের মাধ্যমে অপসারণের ব্যবস্থা করবেন।

৬) যে সকল উপকারভোগী বর্তমানে ব্যারাকে বসবাস করছেন না তাঁদের নামে দলিল রেজিস্ট্রেশন হয়েছিল কিনা তা নিশ্চিত হয়ে বন্দোবস্ত বাতিলের বিষয়ে বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭) বন্দোবস্ত ব্যতীত যদি কেউ বর্তমানে ব্যারাকে বসবাস করে থাকেন 'মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান নীতিমালা-২০২০' -এর আলোকে প্রাপ্যতাসাপেক্ষে তাঁদেরকে একক গৃহে পুনর্বাসন করে বিধি অনুযায়ী গৃহসহ জমি বন্দোবস্ত প্রদান করতে হবে।

৮) 'মুজিববর্ষ উপলক্ষে একক গৃহ নির্মাণ ও পরিকল্পনা সংক্রান্ত ম্যানুয়েল'-এ বর্ণিত ডিজাইন ও প্রাক্কলন অনুসরণপূর্বক গৃহ নির্মাণ করতে হবে।

৯) গৃহ নির্মাণ, জমি বন্দোবস্ত, ব্যারাক অপসারণসহ আনুষাঙ্গিক কাজে কোন জটিলতা দেখা দিলে তা নিরসনে আশ্রয়ণ বিষয়ক উপজেলা ও জেলা টাস্কফোর্স কমিটি বিধি মোতাবেক যথাবিহীত ব্যবস্থা গ্রহণ করবে।

১০) সেমিপাকা একক গৃহের চাহিদার সাথে নিম্নবর্ণিত তথ্যাদি সংযুক্ত করতে হবে:

(ক) বর্তমানে ব্যারাকে বসবাসরত পরিবারের নামের তালিকা
(খ) বর্তমানে প্রকল্প স্থানে মোট জমির পরিমাণ
(গ) পুরাতন জরাজীর্ণ ব্যারাকের প্রকল্পের নাম ও নির্মাণের বছর
(ঘ) প্রস্তাবিত একক গৃহের সংখ্যার আলোকে নীতিমালা মোতাবেক প্রকল্পস্থানের সুনির্দিষ্ট লে-আউট প্ল্যান
(ঙ) বিদ্যমান ব্যারাকের একাধিক স্থির চিত্র
(চ) উপজেলা টাস্কফোর্স কমিটির কার্যবিবরণী

১১) জেলা প্রশাসক উপরে বর্ণিত নির্দেশাবলি বিবেচনায় নিয়ে পুরাতন জরাজীর্ণ ব্যারাকের স্থলে সেমিপাকা একক গৃহ নির্মাণের সুনির্দিষ্ট চাহিদা প্রেরণ করবেন।

১৯/০৬/২০২৩

(মোহাম্মদ সালাহ উদ্দিন)
সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়

জেলা প্রশাসক (সকল)
-------------------------

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)।
২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার ---------------------------------------------(সকল)।
৪. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৬. উপজেলা নির্বাহী অফিসার, ------------------------------ (সকল)।
৭. সহকারী কমিশনার (ভূমি) ---------------------------------------------(সকল)।
৮. অফিস কপি।